গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪.
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৬.০০২.১৯-৬৫৩

তারিখ : ২৮ কার্তিক ১৪৩১ / ১৩ নভেম্বর ২০২৪

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার অধীন ৬৪টি জেলা লিগ্যাল এইড অফিসের জন্য ৬৪টি ক্লিনার (পরিচ্ছনতাকর্মী) সেবা ক্রয়।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার অধীন ৬৪টি জেলা লিগ্যাল এইড অফিসের জন্য নিম্নোক্ত ছকে বর্ণিত সংখ্যক জনবলের সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮-এর অনুচ্ছেদ ৩(২) অনুসারে ক্রয়ে বর্ণিত শর্তে সরকারের মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | সেবার নাম | সংখ্যা | সেবার ক্যাটাগরি | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | ক্লিনার (পরিচ্ছন্নতা কর্মী) | ৬৪ (চৌষট্টি)টি | ৫ | প্রতি অফিসের জন্য ০১টি করে। |

শর্তাবলী :

(ক) অর্থ বিভাগের গত ১০ জুন ২০১৯ তারিখের ২৫৯ নম্বর পরিপত্র অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
(খ) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% হবে;
(গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
(ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
(ঙ) বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এর বিধি-৭ অনুযায়ী সেবা প্রদানকারী ঠিকাদার সংস্থার রেজিস্ট্রেশন ও নবায়নকৃত লাইসেন্স থাকতে হবে;
(চ) এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে এবং অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে এ সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে; এবং
(ছ) এ বিষয়ে প্রচলিত যাবতীয় বিধি-বিধান/আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

১৩-১১-২০২৪
(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email : section4@lawjusticediv.gov.bd

চলমান পাতা/০২

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৬.০০২.১৯-৬৫৩

তারিখ : ২৮ কার্তিক ১৪৩১
১৩ নভেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট), আইন ও বিচার বিভাগ।
৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল)----------------------------।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩-১১-২০২৪

(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব